

তারিখ : ২৫ জানুয়ারি, ২০২৪ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৫/০১/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মো. আক্তারুজ্জামান এর নেতৃত্বে নোয়াখালী সদরের "আলিফ রেস্তোরাঁ এন্ড পার্টি সেন্টার, আয়োজন বেকারী এবং আমানিয়া হোটেল" এ মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

আয়োজন বেকারী পরিদর্শনকালে অত্যন্ত নোংরা ও অপরিষ্কার অবস্থায় পাউরুটি, বিস্কুট, দই ও মিষ্টি তৈরি করতে দেখা যায়। পাশাপাশি পোড়া তেল, মেয়াদ ও লেবেলিং ব্যতীত রঙ ও খাদ্য সংযোজকদ্রব্য, খোলা ও অস্বাস্থ্যকর অবস্থায় খাদ্যপণ্য ফ্রিজে ও স্টোরে সংরক্ষণ করতে দেখা যায়। এময় বিভিন্ন পরিমাণের ফাঙ্গাসযুক্ত বাদাম, মেয়াদছাড়া খাদ্য সংযোজকদ্রব্য, লেবেলবিহীন রঙ, সেমাই, মিষ্টি এবং কেক জন্ম ও ধ্বংস করা হয়।

এসকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা অর্থদণ্ড আরোপ ও তাৎক্ষণিক আদায় করা হয়।

আলিফ রেস্তোরাঁ এন্ড পার্টি সেন্টার এবং আমানিয়া হোটেল অভিযানকালে প্রতিষ্ঠান দুইটির ফ্রিজে এবং স্টোরে লেবেলবিহীন প্রচুর খাদ্য মজুদ করতে দেখা যায়। প্রতিষ্ঠান দুইটি তাদের প্রিমিসেস লাইসেন্স, খাদ্যকর্মীদের স্বাস্থ্য সনদ ও পানি পরীক্ষার সনদ প্রদর্শনে ব্যর্থ হয়। পাশাপাশি স্থাপনা দুইটি থেকে প্রচুর মেয়াদউত্তীর্ণ, এবং লেবেলবিহীন খাদ্যপণ্য ধ্বংস ও জন্ম করা হয়। এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠান দুইটিকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা করে সর্বমোট ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা জরিমানা করা হয়।

অভিযানকালে উপস্থিত ছিলেন জনাব আফিফা হিদ্দিকা, নিরাপদ খাদ্য অফিসার, নোয়াখালী; জনাব এস এম শওকত আলী, নিরাপদ খাদ্য পরিদর্শক, নোয়াখালী; ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ উপস্থিত ছিলেন।



(মোঃ আখতার মামুন)  
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: [director.enforcement@bfsa.gov.bd](mailto:director.enforcement@bfsa.gov.bd)

ফোনঃ ০২-২২২২২২৩৬০১

### বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।